২৭।৭।২০০৪
তারিখ ... পৃষ্ঠা ৬ ... কলাম ... [illegible]

# মেধা পাচারে ক্ষতিগ্রস্ত হচ্ছে উন্নয়নশীল দেশগুলো

তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলো মেধা পাচারে মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছে। সম্প্রতি প্রকাশিত জাতিসংঘের এক প্রতিবেদনে বলা হয়েছে, ভারত প্রতি বছর এজন্য দুইশ' কোটি ডলার হারাচ্ছে। ভারত থেকে ফি বছর এক লাখ দক্ষ কম্পিউটার পেশাজীবী আমেরিকা চলে যায়।

ইউএনডিপি'র একটি অনুষ্ঠানে সম্প্রতি ভারতের তথ্যপ্রযুক্তি বিষয়ক মন্ত্রী প্রমোদ মহাজন বলেন, আমাদের দুর্ভাগ্য যে, প্রতি বছর বিপুলসংখ্যক দক্ষ কম্পিউটার পেশাজীবী আমাদের হারাতে হচ্ছে। ভারতে প্রশিক্ষণ খরচ খুবই কম। তিনি বলেন, ভারতের মতো একটি গরিব দেশ যুক্তরাষ্ট্রের শিক্ষাপদ্ধতি ও অর্থনীতিতে প্রতিনিয়ত এভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে। জাতিসংঘের প্রতিবেদনে বলা হয়েছে, মেধা পাচারের ঘটনা উন্নয়নশীল দেশের জন্য রীতিমতো একটা বিব্রতকর ... তারা দেশ ছাড়ার জন্য মরিয়া হয়ে উঠছে। অথচ এই শিক্ষার্থীদের দক্ষ করে গড়ে তুলতে উন্নয়নশীল দেশগুলোকে কম ধকল সইতে হয় না। জাতিসংঘের ওই প্রতিবেদনে উদাহরণ হিসাবে ভারতের কথা বলা হয়। এমনিতেই তৃতীয় বিশ্বের নাগরিকের পশ্চিমা বিশ্বে পাড়ি জমানোর জন্য অস্থির; তার ওপর যুক্তরাষ্ট্রসহ ইউরোপীয় দেশগুলো দক্ষ কম্পিউটার পেশাজীবীসহ বিভিন্ন সেক্টরের প্রশিক্ষিত লোকদের সেখানে অভিবাসনের জন্য লোভনীয় সব সুযোগ দিচ্ছে। ফলে প্রতিদিনই ওইসব দেশের দূতাবাসগুলোতে মেধাবী পেশাজীবীরা হুমড়ি খেয়ে পড়ছে। ভিসার জন্য দীর্ঘ লাইনে শামিল হচ্ছে। ওই প্রতিবেদনে আরও বলা হয়, ভারতে একজন শিক্ষার্থীকে দক্ষ কম্পিউটার পেশাজীবী হিসাবে গড়ে তুলতে সরকারকে ভর্তুকি দিতে হয় ১৫ থেকে ২০ হাজার